DEMOCRACYNYC YOUR VOICE, YOUR POWER | NYC Office of Immigrant Affairs | NYC Civic Engagement Commission | nyc votes

# আপনার অধিকারগুলি জানুন

সাধারণ নির্বাচন অথবা বিশেষ নির্বাচনে আপনার ভোটদানের অধিকার থাকবে যদি:

- আপনি একজন নিবন্ধভুক্ত ভোটার হন।
- আপনি যদি নির্বাচনের দিনে সকাল 6:00 টা থেকে রাত 9:00 টার মধ্যে ভোটকেন্দ্রের ভিতরে অথবা লাইনে থাকেন অথবা যদি আগেভাগেই ভোট দেন (দিন এবং সময়ের জন্য দেখুন voting.nyc)।

আপনার একটি প্রাথমিক নির্বাচনে ভোটদানের অধিকার আছে যদি:

- আপনি নিবন্ধীকৃত ভোটার এবং এমন একটি দলে তালিকাভুক্ত যারা প্রাথমিক নির্বাচনে অংশ নিচ্ছে, যদি না রাজ্যের দল সংক্রান্ত বিধি অন্যরকম অনুমতি দেয়।
- আপনি যদি নির্বাচনের দিনে সকাল 6:00 টা থেকে রাত 9:00 টার মধ্যে ভোটকেন্দ্রের ভিতরে অথবা লাইনে থাকেন অথবা যদি আগেভাগেই ভোট দেন (দিন এবং সময়ের জন্য দেখুন voting.nyc)।

**আগেভাগে ভোটদান অর্থাৎ আর্লি ভোটিং**

**আপনার আগেভাগে ভোটদানের অধিকার আছে। আগেভাগে ভোটদান অর্থাৎ আর্লি ভোটিং নির্বাচনের দিনের, 10 দিন আগে থেকে শুরু করে প্রতিটি নির্বাচন দিবসের আগে পরপর নয় দিন ধরে করা যাবে। আপনি নির্বাচন দিবসেও ভোটদান করতে পারেন। কোথায় আগেভাগে অথবা নির্বাচন দিবসে ভোট দেওয়া যাবে তা জানতে দেখুন** voting.nyc**।**

**যে কোনও নির্বাচনে আপনার এই অধিকারগুলি রয়েছে:**

- আপনার ভোট দিতে সাহায্য লাগলে কোনও প্রশিক্ষিত নির্বাচন কর্মী সহ আপনার পছন্দের যে কোনও ব্যক্তির (আপনার কর্মচারী বা ইউনিয়নের প্রতিনিধি বাদে) সহায়তা পাওয়া।
  আপনার দোভাষীর প্রয়োজন হলে নির্বাচিত কিছু স্থানে ভোটারদের সহায়তা করতে দোভাষীদের পাওয়া যাবে।
    - **স্পেনীয়, চীনা (ক্যান্টনিজ ও মান্দারিন), কোরীয়, বাংলা, পাঞ্জাবী ও হিন্দি ভাষার দোভাষীর উপলভ্যতার ভোটদান কেন্দ্রগুলি সহ আরও তথ্যের জন্য 866-VOTE-NYC নম্বরে ফোন করুন।**
    - **অন্যান্য ভাষায় অনুবাদক কোথায় পাওয়া যাবে তা দেখার জন্য participate.nyc.gov দেখুন।**
- ভোটদানের বুথে একজন দোভাষী সঙ্গে নিয়ে আসা।
- আপনার ভোটপত্রে কীভাবে চিহ্ন দিতে হবে এবং কীভাবে ভোটটি দেবেন তা জানতে নির্বাচন কর্মীদের জিজ্ঞাসা করুন।
- নিজের সঙ্গে প্রার্থীদের সম্পর্কে উপাদান ও ব্যালট প্রশ্নাবলী নিয়ে আসা, যেমন CFB ভোটার গাইড। (আপনার ভোট দেওয়া হয়ে গেলে অনুগ্রহ করে এই উপাদানগুলি আপনার সঙ্গে নিয়ে যান।) এমনকি ভোটদান যন্ত্র ভাঙা থাকলেও ভোট দেওয়া।
- আপনার ভোটদান কেন্দ্রে ভোটারদের তালিকায় আপনার নাম না থাকলেও "এফিডেভিট ব্যালট(affidavit ballot)" দিয়ে ভোট দেওয়া।
- ভোট দেওয়ার জন্য কাজের বাইরে সময় চেয়ে নিন নিউ ইয়র্ক স্টেট এর আইন ভোট দেওয়ার জন্য শিফট এর শুরুতে অথবা শেষে তিন ঘণ্টার সবেতন ছুটি নেওয়ার অনুমতি দেয়, যতক্ষণ পর্যন্ত আপনি নির্বাচন দিবসের কমপক্ষে দু'দিন আগে আপনার নিয়োগকর্তাকে জানান।
- ফেডারেল ও স্টেট এর আইনের অধীনে, প্রতিবন্ধী ব্যক্তিরা ভোটার নিবন্ধনে সহায়তা, প্রবেশযোগ্য ভোটদান কেন্দ্র এবং তাদের দানে সহায়তার অধিকারী। আপনার কোনও প্রতিবন্ধকতা থাকলে এবং আপনাকে ভোট দিতে বা ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে সহায়তা পাওয়ার অধিকার দিতে অস্বীকার করা হয়েছে বলে মনে করলে অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন।
- আপনি যদি বর্তমানে প্রোবেশন বা প্যারোলে থাকেন, তাহলে আপনার ভোটদানের অধিকার আছে। আপনাকে যদি পূর্বে নিবন্ধন করা হয়ে থাকে, তাহলে আপনার ভোটার রেকর্ড এখনও সক্রিয় থাকা উচিত। আপনার ভোটার নিবন্ধন স্থিতি যাচাই করুন।

**আপনি প্রথমবার ভোট দিলে আপনাকে এই নির্বাচনে ভোট দিতে পরিচয়পত্র দেখাতে হতে পারে।**

- পরিচয়পত্রের গ্রহণযোগ্য ধরণগুলির মধ্যে পড়ে বৈধ ফটো আইডি অথবা বর্তমান উপযোগিতার বিল, ব্যাঙ্ক বিবৃতি, সরকারি চেক বা বেতনের চেক অথবা আপনার নাম ও ঠিকানা আছে এমন সরকারি নথি।
- আপনি পরিচয়পত্র দেখাতে না পারলে বা না দেখানো বেছে নিলে আপনার এফিডেভিট ব্যালট দিয়ে ভোট দেওয়ার অধিকার রয়েছে।

DEMOCRACYNYC YOUR VOICE, YOUR POWER | NYC Office of Immigrant Affairs | NYC Civic Engagement Commission | nyc votes

# আপনার ব্যালটে ভোটদান করা

নির্বাচনের দিনে বা আগে থেকে ভোট দেওয়ার সময় আপনার ভোট দানের তিনটি সহজ ধাপ। আপনার পছন্দ পূরণে সহায়তা লাগলে ব্যালট চিহ্নিত করার যন্ত্র(Ballot Marking Device) ব্যবহারের কথা বলুন।

**1 | আপনার ব্যালট নিন**

- আপনার নির্ধারিত ভোটদান কেন্দ্রে যান এবং আপনার অ্যাসেম্বলি ডিসট্রিক্ট(Assembly District)/ইলেকশন ডিসট্রিক্ট(Election District) এর সঠিক টেবিলটি খুঁজে নিন (এই সংখ্যাগুলি আপনার নির্বাচন পর্ষদ (Board of Elections) থেকে পাওয়া বিজ্ঞপ্তি এবং আপনার ভোটার গাইডের ডাকে পাঠানোর লেবেলে মুদ্রিত থাকে) অথবা https://nyc.pollsitelocator.com/searchএ যান
- স্বাক্ষর করুন এবং নির্বাচন কর্মীর থেকে আপনারদুই পাতার কাগজেরব্যালট নিন। আপনি নিজের ব্যালটটি চিহ্নিত করার পর সেটিকে আড়াল করতে একটি গোপনীয়তার খাম প্রদান করা হবে। ব্যালটের পাতার উভয় পাশে ওপরে নির্দেশগুলি দেওয়া থাকবে।
  - ব্যালটের র‍্যাঙ্কড চয়েস ভোটিং(Ranked Choice Voting)-এর দিকটিতে নিচের প্রতিদ্বন্দ্বিতাগুলি থাকতে পারে: মেয়র, পাবলিক অ্যাডভোকেট, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট, এবং সিটি কাউন্সিল
  - ব্যালটের নন-র‍্যাঙ্কড চয়েস ভোটিং (Non-Ranked Choice Voting)-এর দিকটিতে নিচের প্রতিদ্বন্দ্বিতাগুলি থাকতে পারে: ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, স্টেট কমিটি, সিভিল কোর্টের বিচারক (ডিস্ট্রিক্ট বা কাউন্টি), ডিস্ট্রিক্ট লীডার, জুডিশিয়াল কনভেনশনে প্রতিনিধি।
- গোপনীয়তার বুথে যান অথবা ব্যালট চিহ্নিত করার যন্ত্র ব্যবহারের অনুরোধ করুন।

**2 | আপনার ব্যালট চিহ্নিত করুন**

**পছন্দের ক্রমানুসারে 5 জন পর্যন্ত প্রার্থীকে র‍্যাঙ্ক দিন।**




1. আপনার প্রথম-পছন্দের প্রার্থী বেছে নিন এবং 1ম কলামের নিচে তার নামের পাশের উপবৃত্তটি সম্পূর্ণ ভর্তি করুন।
2. আপনার যদি দ্বিতীয়-পছন্দের কোনও প্রার্থী থাকে, তাহলে 2য় কলামের নিচে তার নামের পাশের উপবৃত্তটি ভর্তি করুন।
3. আপনি 5 জন পর্যন্ত প্রার্থীকে র‍্যাঙ্ক দিতে পারেন। **আপনি চাইলে এখনও মাত্র একজন প্রার্থীকে ভোট দেওয়া বেছে নিতে পারেন।** অন্য প্রার্থীদের র‍্যাঙ্ক দিলে আপনার প্রথম পছন্দটি ক্ষতিগ্রস্ত হবে না।

**কোনও প্রার্থীকে একবারের বেশি র‍্যাঙ্ক দেবেন না। যদি আপনি তা করেন, তাহলে শুধু আপনার শীর্ষ র‍্যাঙ্কিংটিই তার পক্ষে গণনা করা হবে।**




**একাধিক প্রার্থীকে একই র‍্যাঙ্কিং দেবেন না। আপনি যদি আপনার প্রথম পছন্দ হিসেবে একজনের বেশি প্রার্থীকে বেছে নেন, তাহলে আপনার ব্যালট বৈধ হবে না।**




**3 | আপনার ব্যালট স্ক্যান করান**

- স্ক্যানারের এলাকায় আপনার গোপনীয়তার খামে ভরা ব্যালটটি নিয়ে যান।
- স্ক্রিনের ভাষাগুলোর পাশে থাকা বোতামটি স্পর্শ করে আপনার পছন্দের ভাষা নির্বাচন করুন।
- আপনার ভোট দান করাতে আপনার চিহ্নিত ব্যালটটি স্ক্যানারে ঢোকান। স্ক্যানার যে কোনও দিক দিয়েই ব্যালট গ্রহণ করে এবং উভয় দিকই পড়তে পারে। আপনার ভোট দান হয়ে গেলে স্ক্যানার আপনাকে তা জানিয়ে দেবে।

**রাইট-ইন ভোটদান**
আপনি ব্যালটে তালিকাভুক্ত নন এমন কোনও প্রার্থীকে ভোট দিতে চাইলে আপনার যা করা আবশ্যক:

- "রাইট-ইন" লাইনে নামটি লিখুন, এবং
- আপনার পছন্দকে র‍্যাঙ্ক দেওয়ার জন্য একটি উপবৃত্ত ভর্তি করুন।

**ব্যালট চিহ্নিত করার যন্ত্র কীভাবে ব্যবহার করতে হয়**
ব্যালট চিহ্নিত করার যন্ত্রটি ভোটারদের ব্যালটে প্রবেশের দুটি উপায় প্রদান করে:

- ডিসপ্লে স্ক্রিনে ব্যালটটি দেখুন
- অডিও হেডফোনের মাধ্যমে ব্যালটটি শুনুন

ব্যালট চিহ্নিত করার যন্ত্রটি ভোটারদের ব্যালট চিহ্নিত করার চারটি উপায় প্রদান করে:

- টাচ স্ক্রিন
- কী প্যাড (ব্রেল)
- চুমুক ও ফুঁ দেওয়ার যন্ত্র
- রকার প্যাডেল

ব্যালট চিহ্নিত করার যন্ত্র ব্যবহার করে আপনার ব্যালট চিহ্নিত করতে এই ধাপগুলি অনুসরণ করুন:

- আপনি কীভাবে ব্যালটে প্রবেশ করবেন ও তা চিহ্নিত করবেন সেই সিদ্ধান্ত নিন।
- ফিড ট্রেতে আপনার ব্যালটটি ঢোকান।
- আপনার পছন্দের ভাষা নির্বাচন করুন।
- ব্যালট চিহ্নিত করার যন্ত্রটি আপনাকে আপনার পছন্দ বাছাইয়ের ও আপনার নির্বাচন পর্যালোচনার প্রক্রিয়ার মধ্যে দিয়ে পথ দেখাবে।
- কোনও নির্বাচন বদলাতে, আপনি যে প্রতিদ্বন্দ্বিতা বা সমস্যাটি বদলাতে চান সেটি নির্বাচন করুন এবং আবার করে যথাযথ পছন্দটি নির্বাচন করুন। সারসংক্ষেপের স্ক্রিনে ফেরত যেতে "NEXT" (পরবর্তী) নির্বাচন করুন।
- আপনার চিহ্নিত ব্যালটটি মুদ্রিত করতে "Mark Ballot" (ব্যালট চিহ্নিত করুন) নির্বাচন করুন।
- আপনার মুদ্রিত ব্যালট ও ভোটার কার্ড স্ক্যানার এলাকায় নিয়ে যান।
- আপনি নিজের ব্যালটটি স্ক্যানারে ঢোকাতে সাহায্য চাইলে কোনও নির্বাচন কর্মী আপনার সহায়তা করবেন।

**মনে রাখবেন...**
**আপনার ব্যালটটি উল্টে দেখুন!** পিছনের দিকে কোনও নির্দেশ এবং/অথবা ভোট দেওয়ার মতো কোনও প্রস্তাব থাকতে পারে।

**উপবৃত্তটি সম্পূর্ণ ভরাট করুন।** উপবৃত্তটিতে কোনও "x", কোনও "✓", বা গোল দাগ দেবেন না।

**আপনার ব্যালট কীভাবে পূরণ করতে হবে: পছন্দের ক্রমানুসারে 5 জন পর্যন্ত প্রার্থীকে র‍্যাঙ্ক দিন।**




4. আপনার প্রথম-পছন্দের প্রার্থী বেছে নিন এবং 1ম কলামের নিচে তার নামের পাশের উপবৃত্তটি সম্পূর্ণ ভর্তি করুন।
5. আপনার যদি দ্বিতীয়-পছন্দের কোনও প্রার্থী থাকে, তাহলে 2য় কলামের নিচে তার নামের পাশের উপবৃত্তটি ভর্তি করুন।
6. আপনি 5 জন পর্যন্ত প্রার্থীকে র‍্যাঙ্ক দিতে পারেন। **আপনি চাইলে এখনও মাত্র একজন প্রার্থীকে ভোট দেওয়া বেছে নিতে পারেন।** অন্য প্রার্থীদের র‍্যাঙ্ক দিলে আপনার প্রথম পছন্দটি ক্ষতিগ্রস্ত হবে না।

**আপনি কোনও রাইট-ইন প্রার্থীকে ভোট দিতে পারেন।** ব্যালটে নাম না থাকা কোনও প্রার্থীকে ভোট দেওয়ার জন্য, "রাইট-ইন" লাইনে নামটি লিখুন, এবং আপনার পছন্দকে র‍্যাঙ্ক দেওয়ার জন্য একটি উপবৃত্ত ভর্তি করুন।

**প্রতিটি পদের জন্য ও ব্যালটের প্রতিটি প্রশ্নের উপর অবশ্যই ভোট দিন।** স্ক্যান করার আগে আপনার ব্যালটটি যত্ন সহকারে উল্টে দেখুন। প্রতিটি প্রতিদ্বন্দ্বিতার জন্য ও ব্যালটের প্রতিটি প্রস্তাবের উপর ভোট দেওয়া নিশ্চিত করুন।

**সমস্যা ও সমাধানগুলি**

**আমি আমার ব্যালট চিহ্নিত করায় একটা ভুল করে ফেলেছি।**

আপনি যদি সশরীরে ভোট দেন, সেই ক্ষেত্রে আপনি একাধিক প্রার্থীকে একই র‍্যাঙ্কিং দিলে অথবা আপনি এটিকে স্ক্যান করার সময়ে সম্পূর্ণ ফাঁকা ব্যালট জমা দিলে, ভোটিং মেশিন আপনাকে জানাবে। আপনি কোনো ভুল করেন, তাহলে আপনি নির্বাচন কর্মীর কাছে একটি নতুন ব্যালট চাইতে পারেন। আপনি র‍্যাঙ্কিং বাদ দিয়ে গেলে কিংবা একই প্রার্থীকে একাধিক বার র‍্যাঙ্ক দিলে ভোটিং মেশিন আপনাকে জানাবে না, যেহেতু আপনার শীর্ষ পছন্দের ভোটটি এই পরিস্থিতিতে এরপরেও গণ্য হবে।

**টেক্সটের মাপ খুবই ছোট; আমি আমার কাগজের ব্যালটটি পড়তে পারছি না।**

একটি বিবর্ধিত পত্র পাওয়া যাবে। আপনি একটি ব্যালট চিহ্নিত করার যন্ত্র ব্যবহার করতেও চাইতে পারেন।